

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১৬৫-আইন/আয়কর/২০২১।- Income tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার ৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২১৫-আইন/আয়কর/২০১৯, অতঃপর উক্ত প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উক্ত প্রজ্ঞাপনের দফা (ঘ) এর প্রান্তঃস্থিত সেমিকোলনের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দুইটি শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে একাধিক বৎসরের জন্য ফিটনেস নবায়ন করা হইবে সেইক্ষেত্রে ফিটনেস নবায়নের বৎসরের পরবর্তী বৎসরে অথবা বৎসরগুলির জন্য ৩০ জুন তারিখের মধ্যে দফা (ক) এ বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে:

তবে আরও শর্ত থাকে যে, উপরি-উক্ত শর্ত মোতাবেক কোনো করদাতা আয়কর পরিশোধে ব্যর্থ হইলে, ফিটনেস নবায়নের বৎসরে তাহার জন্য প্রযোজ্য আয়করের হার হইবে পূর্ববর্তী বৎসর বা বৎসরগুলিতে অপরিশোধিত আয়করে পরিমাণ এবং নবায়নের বৎসরের জন্য প্রযোজ্য আয়করের পরিমাণের সমষ্টি;”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব